

আপীল নং-৮৩/২০২১

তারিখঃ ২৭/০৫/২০২১

আদেশের ক্রমিক নং ও তারিখ	আদেশ ও কর্মকর্তার স্বাক্ষর	আদেশের উপর গৃহীত ব্যবস্থা
১৭/০৬/২০২১	<p>অদ্য শুনানী গ্রহণ করা হ'ল। আপীলকারীর প্রতিনিধি জনাব বাকীবিলাহ মিশকাত চৌধুরী, ম্যানেজার হাজির হয়ে মৌখিক বক্তব্য প্রদান করেন। মৌখিক বক্তব্য শুনলাম। আপীলকারী প্রতিনিধি জানান যে, এয়ার লাইফ ইন্টারন্যাশনাল ট্রাভেল এজেন্সীটি নতুন নিবন্ধনের জন্য আবেদন দাখিল করা হয়। উক্ত নিবন্ধন আবেদনের পরিপ্রেক্ষিতে বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) বিধিমালা, ২০১৪ এর বিধি ৬(১)(ক) অনুযায়ী গত ১০/০৩/২০২০ তারিখের নিবন্ধন ফি বাবদ অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে ১৫(পনেরা) দিনের মধ্যে জমা প্রদানের জন্য দাবিপত্র (Demand Note) ইস্যু করা হয়েছিল। কিন্তু আপীলকারী নির্ধারিত সময়ে মধ্যে অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে জমা না দেওয়ার কারণে এ মন্ত্রণালয়ের ৩১ মার্চ, ২০২১ তারিখের ৩০.০০. ০০০০. ০২৫. ০১. ০০২.২০-১৪০ নং পত্রের মাধ্যমে নিবন্ধন আবেদনটি বাতিল করা হয়। উক্ত বাতিল আদেশের বিরুদ্ধে ২৭/০৫/২০২১ তারিখ আপীল দায়ের করেন। বিধি অনুযায়ী আবেদন বাতিল আদেশের ৬০ দিনের মধ্যে আপীল দায়ের করেছেন। শুনানীর সময় এজেন্সীর মালিকের প্রতিনিধি জানান যে, মালিক করোনায় অসুস্থ থাকায়, ২০২০ সাল থেকে করোনা প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় ব্যবসা বাণিজ্য না থাকার কারণে দাবিপত্র (Demand Note) ইস্যু হওয়া সত্ত্বেও নির্ধারিত পরিমাণ অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিতে পারেননি। এ কারণে মালিকের পক্ষ থেকে আমি আন্তরিকভাবে ক্ষমা প্রার্থী। এছাড়া আপীলকারীর প্রতিনিধি জানান, পরবর্তীতে দাবিপত্র (Demand Note) ইস্যু করা হলে, উক্ত অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে নির্ধারিত সময়ে মধ্যে পরিশোধ করবেন মর্মে শুনানীতে মৌখিকভাবে অঙ্গীকার করেছেন।</p> <p>আপীলকারীর প্রতিনিধির বক্তব্য ও নথিতে রক্ষিত কাগজপত্রাদি পর্যালোচনায় দেখা যায় যে, এয়ার লাইফ ইন্টারন্যাশনাল ট্রাভেল এজেন্সীটি নতুন নিবন্ধনের জন্য আবেদন করেন। আবেদনের প্রেক্ষিতে গত ১০/০৩/২০২০ তারিখের দাবিপত্র (Demand Note) ইস্যু করা হয়। কিন্তু মালিকের করোনায় অসুস্থতা এবং করোনা প্রাদুর্ভাব বৃদ্ধি পাওয়ায় ব্যবসা বাণিজ্য না থাকায় নির্ধারিত সময়ে অর্থ ট্রেজারী চালানোর মাধ্যমে জমা দিতে পারেননি। এ কারণে মালিকের পক্ষ থেকে তাঁর প্রতিনিধি ক্ষমা প্রার্থনা করেন। আপীলকারীর প্রতিনিধির বক্তব্য গ্রহণ করা হলো। আপীল আবেদন মঞ্জুর। অত্রাফিসের ৩১/০৩/২০২১ তারিখের নিবন্ধন আবেদন বাতিল আদেশ রহিত করা হলো এবং আগামী ০৮/০৭/২০২১ তারিখের মধ্যে নির্ধারিত কোডে অর্থ জমা প্রদান পূর্বক অন লাইনে আপলোড করার জন্য নির্দেশনা প্রদান করা হলো। বাংলাদেশ ট্রাভেল এজেন্সি (নিবন্ধন ও নিয়ন্ত্রণ) আইন, ২০১৩ এর ১০ ধারায় আপীল নিষ্পত্তি করা হলো। সংশ্লিষ্ট সকলকে অবহিত করা হোক।</p> <p>স্বাক্ষরিত-১৭/০৬/২০২১ মিজানুর রহমান অতিরিক্ত সচিব</p> <p>গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয় অতিরিক্ত সচিব(প্রশাঃ পর্যঃ ও নিয়ন্ত্রক) এর দপ্তর</p> <p>নং-৩০.০০.০০০০.০০৩.৯৯.০৮৩.২০২১- ২৪৬ তারিখঃ ১৭/০৬/২০২১ইং</p> <p>অনুলিপি সদয় অবগতি ও কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):-</p> <ol style="list-style-type: none"> ১) সিনিয়র সচিব/সচিব, জননিরাপত্তা বিভাগ/সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়/প্রবাসী কল্যাণ ও বৈদেশিক কর্মসংস্থান মন্ত্রণালয়/ধর্ম বিষয়ক মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ২) অতিরিক্ত মহা পুলিশ পরিদর্শক(বিশেষ শাখা), রাজারবাগ, ঢাকা। ৩) কমিশনার, ঢাকা মেট্রোপলিটন পুলিশ, ঢাকা। ৪) যুগ্ম-সচিব(প্রশাসন), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৫) জেলা প্রশাসক, ঢাকা। ৬) উপসচিব(পর্যটন-৩), বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৭) সচিব মহোদয়ের একান্ত সচিব, বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। ৮) মহাসচিব, এসোসিয়েশন অব ট্রাভেল এজেন্ট অব বাংলাদেশ(আটাব), সান্তারা সেন্টার, ৩০/এ, নয়া পল্টন, (১৬ তলা), ঢাকা-১০০০। ৯) ব্যবস্থাপক, ইন্টারন্যাশনাল রিলেশনশিপ, আইএটিএ বাংলাদেশ, হোসনা সেন্টার, (৩য় তলা), স্যুট-১২০, ১০৬, গুলশান এভিনিউ, ব্লক-এসই(সি), গুলশান, ঢাকা। ১০) বাংলাদেশে অবস্থিত সকল এয়ারলাইন্সমুহ----- ১১) প্রোগ্রামার এ মন্ত্রণালয়(ওয়েব সাইটে প্রকাশে জন্য)। ১২) জনাব সাঈয়্যেদ মুতাওয়াক্কিল বিলাহ রক্বানী, স্বত্বাধিকারী, এয়ার লাইফ ইন্টারন্যাশনাল, ৭৮/২, পাটুয়াটুলী রোড, মসজিদ মার্কেট (২য় তলা), সদরঘাট, ঢাকা। <p>(মিজানুর রহমান) অতিরিক্ত সচিব বেসামরিক বিমান পরিবহণ ও পর্যটন মন্ত্রণালয়</p>	